# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

## Bengali Text Bulletin

**Date 23-02-2026** **Time: 1.40 PM**

---

বিশেষ বিশেষ খবরঃ-

১) তৃণমূল কংগ্রেস সরকারের বিরুদ্ধে অস্থিরতা, দুর্নীতি ও তোষণের অভিযোগ তুলে আসন্ন নির্বাচনে বাজ্যবাসীকে খোলা চিঠি লিখে তাদেরসমর্থন চেয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

২) আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতি ও আইন শৃঙ্খলা পরিস্থিতি পর্যালোচনায় মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল আজ বৈঠকে বসছেন।

SIR-এর কাজে সহযোগিতায় নিযুক্ত বিচার বিভাগীয় আধিকারিকদের সঙ্গে আজ'ও ভার্চুয়াল বৈঠক করবেন কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি।

৩) প্রয়াত দেশের প্রাক্তন রেল মন্ত্রী মুকুল রায়।

৪) পূর্ব কলকাতা জলাভূমিতে বেআইনি নির্মান ভাঙতে রাজ্য সরকার এবং পুরসভার ভূমিকায় ক্ষুব্ধ কলকাতা হাইকোর্ট, কেন্দ্রীয় সরকারকে মামলায় যুক্ত করার নির্দেশ দিয়েছে।

৫) ISL ফুটবলে মোহনবাগান সুপার জায়ান্ট আজ যুব ভারতী ক্রীড়াঙ্গণে চেন্নাইন এফ সি-র মুখোমুখি হবে।

-----------------------------------------------------------------------

তৃণমূল কংগ্রেস সরকারের বিরুদ্ধে অস্থিরতা, দুর্নীতি ও তোষণের অভিযোগ তুলে আসন্ন নির্বাচনে পশ্চিমবঙ্গবাসীর কাছে সমর্থন চেয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী।

বিধানসভা ভোটের আগে রাজ্যবাসীর উদ্দেশে লেখা এক খোলা চিঠিতে তিনি গত ১১ বছরের কেন্দ্রীয় সরকারের বিভিন্ন প্রকল্প ও সাফল্যের খতিয়ান তুলে ধরার পাশাপাশি, রাজ্যের মানুষকে প্রণাম জানিয়ে লিখেছেন, আগামী প্রজন্মের ভবিষ্যৎ কোন পথে এগোবে, তা নির্ধারণের সময় এসেছে। গত এক দশকে জনকল্যাণ ও সর্বাঙ্গীণ উন্নয়নকে অগ্রাধিকার দেওয়ার কথা উল্লেখ করে তিনি দাবি করেছেন, কৃষক কল্যাণ থেকে যুবসমাজের ক্ষমতায়ন—সব ক্ষেত্রেই কেন্দ্র ধারাবাহিক ভাবে কাজ করেছে।

চিঠিতে ‘জন-ধন যোজনা’, ‘উজ্জ্বলা যোজনা’, ‘আয়ুষ্মান ভারত’, ‘স্বচ্ছ ভারত’ প্রকল্পের মতো বিভিন্ন কেন্দ্রীয় কর্মসূচির উল্লেখ রয়েছে। তাঁর দাবি, লক্ষ লক্ষ পরিবার ব্যাঙ্কিং পরিষেবার আওতায় এসেছে, গরিব পরিবার গ্যাস সংযোগ পেয়েছে, স্বাস্থ্য পরিষেবা আরও সহজলভ্য হয়েছে। পাশাপাশি কর্মসংস্থান, পরিকাঠামো উন্নয়ন ও শিল্প বিনিয়োগ বৃদ্ধির কথাও তুলে ধরা হয়েছে।

পশ্চিমবঙ্গে অপশাসনের প্রসঙ্গ টেনে প্রধানমন্ত্রী দাবি করেছেন, দীর্ঘদিন ধরে রাজনৈতিক অস্থিরতা, দুর্নীতি ও হিংসার কারণে রাজ্যের অগ্রগতি বাধাপ্রাপ্ত হয়েছে। কেন্দ্রীয় প্রকল্পের সুফল যাতে রাজ্যের সাধারণ মানুষ পুরোপুরি পান, সে জন্য ‘দ্বৈত ইঞ্জিন’ সরকারের প্রয়োজনীয়তার কথাও তিনি বলেছেন। নাগরিকত্ব সংশোধনী আইন এবং সীমান্ত সুরক্ষা প্রসঙ্গও তাঁর চিঠিতে উঠে এসেছে ।

---------------------------------

সুপ্রিম কোর্টের নির্দেশে SIR প্রক্রিয়ায় ভোটারদের নথি যাচাই আজ শুরু করছেন কলকাতা হাইকোর্ট নিযুক্ত বিচারকেরা। গতকালের পর আজ'ও কলকাতা হাইকোর্টের প্রধান বিচারপতি ফের ভার্চুয়াল বৈঠক করবেন।

গতকালের বৈঠকে কী কী কাজ করতে হবে, সুপ্রিম কোর্টের নির্দেশমতো কোন কোন্ নথি যাচাই করতে হবে, দায়িত্বপ্রাপ্ত বিচারকদের সে সম্পর্কে অবগত করা হয়।

উপস্থিত ছিলেন, মুখ্যসচিব নন্দিনী চক্রবর্তী, পুলিশের ভারপ্রাপ্ত মহানির্দেশক পীযূষ পান্ডে ও কমিশনের আধিকারিকেরা।

------------------------------

রাজ্যের আসন্ন বিধানসভা নির্বাচনের প্রস্তুতি ও আইন শৃঙ্খলা পরিস্থিতি পর্যালোচনা করতে মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল আজ বৈঠকে বসছেন। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরে হতে চলা ওই বৈঠকে, ভোটের আগে কেন্দ্রীয় বাহিনী মোতায়েন নিয়েও আলোচনা হবার কথা।

বিশেষ পর্যবেক্ষক N.K. মিশ্র, রাজ্য পুলিশের ভারপ্রাপ্ত মহানির্দেশক পীযূষ পান্ডে, কলকাতার নগরপাল সুপ্রতিম সরকার, রাজ্য পুলিশের আইনশৃঙ্খলা বিভাগের এডিজি বিনীত গোয়েল, রাজ্য পুলিশের নোডাল অফিসার আনন্দ কুমার, CRPF-এর এরাজ্যের আইজি সঞ্জয় যাদব প্রমুখ বৈঠকে উপস্থিত থাকবেন।

এছাড়া রাজ্যের অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক অরিন্দম নিয়োগী এবং যুগ্ম অতিরিক্ত মুখ্য নির্বাচনী আধিকারিক (আইন শৃঙ্খলা) অর্ণব চট্টোপাধ্যায়'ও যোগ দেবেন বৈঠকে।

----------------------------

প্রাক্তন রেল মন্ত্রী তথা রাজ্যসভার সাংসদ মুকুল রায় প্রয়াত। বয়স হয়েছিল ৭১ বছর। একাধিক শারীরিক সমস্যা নিয়ে দীর্ঘদিন ধরেই হাসপাতালে ভর্তি ছিলেন তিনি।

রাত দেড়টার কাছাকাছি মুকুল রায় শেষ নিঃশ্বাস ত্যাগ করেন বলে তাঁর পুত্র শুভ্রাংশু জানিয়েছেন। তৃণমূল কংগ্রেসের প্রতিষ্ঠাতা সদস্য মুকুল রায়কে একসময় দলে মমতা ব্যানার্জীর পরেই রাখা হত। পরে মতানৈক্যের কারণে তিনি বিজেপিতে যোগ দেন। ২০২১-এর নির্বাচনে কৃষ্ণনগর উত্তর কেন্দ্র থেকে বিজেপির টিকিটে নির্বাচিত হয়েছিলেন তিনি। পরে ফের তৃণমূল কংগ্রেসের যোগ দিলেও, বিধায়ক পদ থেকে ইস্তফা দেননি। তাঁর বিধায়ক পদ খারিজের মামলা আদালত পর্যন্ত গড়ায়। হাইকোর্ট মুকুল রায়ের বিধায়ক পদ খারিজ করলেও, সেই সিদ্ধান্তের ওপর অন্তর্বর্তী স্থগিতাদেশ দেয় সুপ্রিম কোর্ট।

মুকুল রায়ের মরদেহ আজ কিছুক্ষণ আগে বিধানসভা ভবনে নিয়ে আসা হয়। অধ্যক্ষ বিমান বন্দ্যোপাধ্যায়, পরিষদীয় মন্ত্রী শোভনদের চট্টোপাধ্যায়, শশী পাঁজা, সুজিত বসু সহ বিধানসভার অন্যান্য সদস্য, কর্মী এবং তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক অভিষেক বন্দ্যোপাধ্যায় তাঁকে মালা দিয়ে শেষ শ্রদ্ধা জানান।

বিকেলে উত্তর ২৪ পরগণার কাঁচরাপাড়ার ঘটক রোডের বাড়িতে দেহ নিয়ে যাওয়া হবে।

---------------------------------

**প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদী,** প্রাক্তন রেলমন্ত্রীর প্রয়াণে গভীর মর্মবেদনা প্রকাশ করেছেন। সমাজ মাধ্যমে মুকুল রায়ের সঙ্গে তাঁর একটি ছবি পোস্ট করে প্রধানমন্ত্রী লিখেছেন, রাজনৈতিক অভিজ্ঞতা এবং সমাজ সেবামূলক উদয়গের জন্য তিনি স্মরণীয় হয়ে থাকবেন। কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রী **অমিত শাহ,** মুকুল রায়ের শোক সন্তপ্ত পরিবারের প্রতি সমবেদনা জানিয়েছেন।

মুখ্যমন্ত্রী **মমতা** ব্যানার্জী, সমাজ মাধ্যমে তাঁর শোক বার্তায় লিখেছেন, বাংলার রাজনীতিতে তারবদান এবং সাংগঠনিক দক্ষতার কথা ভোলার নয়। তৃণমূল কংগ্রেসের প্রতিষ্ঠা লগ্ন থেকে দলের জন্য তাঁর অবদানের কথাও স্মরণ করেন তিনি। শোক প্রকাশ করেছেন, তৃণমূল কংগ্রেসের সাধারণ সম্পাদক **অভিষেক** বন্দোপাধ্যায়'ও। সমাজমাধ্যমে এক পোস্টে তিনি লেখেন, মুকুল রায়ের মৃত্যুতে বাংলার রাজনীতির ইতিহাসে এক যুগের অবসান হল। দলীয় সংগঠন তৈরীতে তাঁর ভূমিকার কথাও স্বীকার করেছেন অভিষেক।

বিরোধী দলনেতা **শুভেন্দু** অধিকারী, কেন্দ্রীয় প্রতিমন্ত্রী সুকান্ত মজুমদার প্রমুখ, বর্ষীয়াণ এই নেতার প্রয়াণে গভীর শোক ব্যক্ত করেছেন।

কংগ্রেস সভাপতি মল্লিকার্জুন খাড়গে তাঁর শোকবর্তায় মুকুল রায়ের রাজনৈতিক জীবনের কথা স্মরণ করেছেন।

---------------------------

পূর্ব কলকাতা জলাভূমিতে বেআইনি নির্মান ভাঙতে রাজ্য সরকার এবং পুরসভার ভূমিকায় ক্ষোভ প্রকাশ করে কলকাতা হাইকোর্ট কেন্দ্রীয় সরকারকে এই মামলায় যুক্ত করার নির্দেশ দিয়েছে। বিচারপতি অমৃতা সিনহার এজলাসে আজ এ সংক্রান্ত মামলার শুনানিতে বিচারপতি বলেন, রাজ্য না পারলে কেন্দ্রীয় বাহিনীকে বেআইনি নির্মান ভাঙার কাজের দায়িত্ব দেওয়া হবে। বারংবার নির্দেশ সত্ত্বেও রাজ্য এবং পুরসভা পদক্ষেপ না করায় এদিন তীব্র ক্ষোভ প্রকাশ করেন বিচারপতি।

এদিন শুনানিতে দক্ষিণ ২৪ পরগনা জেলা শাসক রিপোর্ট দাখিল করেছেন আদালতে। পাশাপাশি পূর্ব কলকাতা জলাভূমি কতৃপক্ষ জানায়, বেশ কিছু জায়গায় বেআইনি নির্মানে বিদ্যুৎ সংযোগ বিচ্ছিন্ন করতে গিয়ে ব্যাপক বিক্ষোভের মুখে পড়েন আধিকারিকরা।

১৬ মার্চ মামলার পরবর্তী শুনানি।

-------------------------

রাজ্যের নির্বাচনী বুথে নিরাপত্তার দাবীতে দায়ের জনস্বার্থ মামলায় রাজ্য ও নির্বাচন কমিশনের বক্তব্যের পালটা হলফনামা দেওয়ার জন্য কলকাতা হাইকোর্ট, বিজেপি রাজ্য সভাপতি শমীক ভট্টাচার্যকে এক সপ্তাহ সময় দিয়েছে। প্রধান বিচারপতি সুজয় পাল ও বিচারপতি পার্থ সারথি সেনের ডিভিশন বেঞ্চ-এ আজ এসংক্রান্ত মামলার শুনানি হয়। শ্রী ভট্টাচার্য, অতীত অভিজ্ঞতা থেকে শিক্ষা নিয়ে নির্বাচনের সময় বুথের নিরাপত্তা সুনিশ্চিত করতে অতিরিক্ত হলফনামা দিয়ে নিজের বক্তব্য জানানোর জন্য বেঞ্চের কাছে আবেদন করেন।

এর আগে শুনানিতে নির্বাচন কমিশনের পক্ষ থেকে জানানো হয়েছিল রাজ্যের নির্বাচনী বুথগুলির নিরাপত্তা, পানীয়জল, বিদ্যুৎ, টয়লেট সহ অন্যান্য সুবিধা আছে কিনা তা খতিয়ে দেখতে NBCC (National Building construction Corporation)-কে দায়িত্ব দেওয়া হয়েছে।

উল্লেখ্য, শমীক ভট্টাচার্য্য গত ১৩ ই জানুয়ারি রাজ্যের প্রায় ৮৩ হাজার বুথে নিরাপত্তা সুনিশ্চিত করার আর্জি নিয়ে কলকাতা হাইকোর্টে মামলা দায়ের করেন। তিনি এব্যাপারে কেন্দ্রের হস্তক্ষেপও দাবি করেন।

-----------------------------

লস্কর-ই-তৈবা ও বাংলাদেশের জঙ্গি দলের সঙ্গে যুক্ত থাকার অভিযোগে দিল্লি পুলিশ, পশ্চিমবঙ্গ ও তামিলনাড়ু থেকে মোট ৮ জনকে গ্রেপ্তার করেছে। এর মধ্যে কলকাতা থেকে ধরা হয়েছে দুজনকে। ধৃত **উমর ফারুক মালদার বাসিন্দা । রবিউল ইসলাম বাংলাদেশী বলে জানা গেছে।**

এদিকে, গুপ্তচরবৃত্তির অভিযোগে **মুর্শিদাবাদে দুই যুবককে গ্রেফতার করেছে বেঙ্গল এসটিএফ। তার মধ্যে একজনকে কয়েকদিন আগেই গ্রেফতার করা হয়েছিল। তাকে জিজ্ঞাসাবাদ করে বহরমপুর থেকে সুমন শেখ নামে এক যুবককে গ্রেফতার করা হয়েছে।** সে ভারতীয় সিম কার্ড ব্যাবহার করে পাকিস্তানে OTP পাঠাতো বলে STF-এর দাবী। সেই OTP দিয়েই সক্রিয় করা হতো সিম কার্ড। গত সপ্তাহে মুর্শিদাবাদের বাসিন্দা জুহাব শেখকে গ্রেফতার করে বেঙ্গল এসটিএফ। তাকে জেরা করে বছর চব্বিশের সুমনের নাম জানতে পারেন তদন্তকারীরা। মুর্শিদাবাদের গুধিয়া গ্রামের বাসিন্দা হলেও, লেদ-এর কাজের জন্য মহারাষ্ট্রের পুনেতে থাকতো সুমন শেখ। সম্প্রতি সে বাড়ি ফিরে আসে। নির্দিষ্ট খবরের ভিত্তিতে শনিবার রাতে বহরমপুরের গীর্জা মোড় থেকে তাকে পাকড়াও করে STF । গতকাল বিধানগর আদালতে তোলা হলে ১৪ দিনের STF হেফাজত হয়েছে।

-----------------------------------

মুর্শিদাবাদে দল ছাড়তে চেয়ে নেতৃত্বকে চিঠি দিয়েছেন ফরাক্কার সিপিআইএম নেতা তথা প্রয়াত প্রাক্তন সাংসদ আবুল হাসনাত খানের ছেলে রকি খান। গতকাল সাংবাদিকদের তিনি জানান, গত বছর পর্যন্ত তিনি ফরাক্কা দক্ষিণ এরিয়া কমিটির সদস্য ছিলেন। দলের একটি গোষ্ঠীর কোপে পড়ে তাঁকে ওই পদ থেকে সরিয়ে দেওয়া হয়।

এর ফলে  তিনি সদস্যপদ নবীকরণ করবেন না বলে সিদ্ধান্ত নিয়েছেন। প্রতিকুরের দলবদলের পর তার এই সিদ্ধান্ত যথেষ্ট তাৎপর্যপূর্ণ বলে মণে করছে রাজনৈতিক মহল।

--------------------------------

বাতাসে জলীয় বাষ্পের পরিমাণ বৃদ্ধি পাওয়ায় এবং পশ্চিমী ঝঞ্ঝার প্রভাবে রাজ্যের পূর্ব ও পশ্চিম মেদিনীপুর এবং ঝাড়গ্রাম জেলায় আগামী ২৪ ঘন্টায় হালকা বৃষ্টির সম্ভাবনা রয়েছে। আগামীকাল কলকাতা সহ উত্তর ও দক্ষিণ ২৪ পরগনা এবং পূর্ব ও পশ্চিম মেদিনীপুর জেলায় হালকা থেকে মাঝারি  বৃষ্টির সম্ভাবনা রয়েছে বলে আলিপুর আবহাওয়া দপ্তর জানিয়েছে। তবে আগামী কয়েক দিন তাপমাত্রার বিশেষ পরিবর্তন হবে না। আলিপুরে আজ সকালে সর্বনিম্ন তাপমাত্রা রেকর্ড করা হয় ২০ দশমিক ৬ ডিগ্রী সেলসিয়াস স্বাভাবিক থেকে ১.১ ডিগ্রি কম। রাজ্যের সর্বত্রই সর্বনিম্ন তাপমাত্রা আগের তুলনায়  কিছুটা বেড়েছে।

--------------------------------------------

আইএসএল ফুটবলে আজ মোহনবাগান সুপার জায়ান্ট, চেন্নাইয়িন এফ সি-র মুখোমুখি হবে। যুব ভারতী ক্রীড়াঙ্গনে খেলা শুরু হবে সন্ধ্যা সাড়ে সাতটায়।

প্রথম ম্যাচে মোহনবাগান ২-০ গোলে কেরালা ব্লাসটার্স কে পরাজিত করেছিল।